

# 💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৫২৬

২৩. কুরআনের ফযীলত অধ্যায় (کتاب فضائل القرآن)

পরিচ্ছেদঃ ৩৩. কুরআন খতম করা সম্পর্কে

باب فِي خَتْمِ الْقُرْآنِ

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ حَدَّثَنَا عُقْبَةُ بْنُ خَالِدٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ زِيَادٍ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ زِيَادٍ حَدَّثَنِي عَبْدُ الرَّحْمَنِ بْنُ رَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و قَالَ أَمْرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ الرَّحْمَنِ بْنُ رَافِعٍ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍ و قَالَ أَمْرَنِي رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ لاَ أَقْرُأُ الْقُرْآنَ فِي أَقَلَّ مِنْ ثَلَاثٍ

#### বাংলা

৩৫২৬. আব্দুল্লাহ ইবনু আমর রাদিয়াল্লাহু আনহু হতে বর্ণিত, তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম r আমাকে নির্দেশ দিয়েছেন যে, আমি যেন তিনদিনের কম সময়ে কুরআন খতম না করি।[1]

## ফুটনোট

[1] তাহকীক: আব্দুর রহমান ইবনু রাফিঈ যয়ীফ, আর আব্দুর রহমান ইবনু যিয়াদের ব্যাপারে হক্ কথা হলো অধিক পরিমাণে মুনকারাত হাদীস বর্ণনা করার কারণে সেও যয়ীফ।

তাখরীজ: এ শব্দে আমি এটি কোথাও পাইনি। তবে, আহমাদ ২/১৫৮ তে রয়েছে: "তবে প্রতি তিন দিনে খতম করো।' এর সন্দ যয়ীফ।

আবৃ দাউদ, সালাত ১৩৯১; আবৃ নুয়াইম, হিলইয়াতুল আউলিয়া ৪/১২২ তে রয়েছে: রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে বললেন, "তুমি প্রতি তিন দিনে তা পাঠ (খতম) কর।" এর সনদ হাসান। আগের টীকাটি দেখুন।

আর "যে তিনদিনের কমে কুরআন খতম করবে, সে তা বুঝবে না।" শব্দে গত হয়েছে। সেখানে এর তাখরীজ দিয়েছি।



## হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন